“সর্বোত্তম দীনার (টাকা-পয়সা) যা ব্যক্তি খরচ করে: এমন দীনার যা সে তার পরিবার-পরিজনের ওপর খরচ করে এবং এমন দীনার যা সে আল্লাহর পথে (অর্থাৎ জিহাদের উদ্দেশে) তার বাহনের জন্য খরচ করে এবং এমন দীনার যা সে আল্লাহর পথে তার সঙ্গীসাথীদের ওপর খরচ করে।

ছাওবান রদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু
আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “সর্বোত্তম দীনার (টাকা-পয়সা) যা ব্যক্তি খরচ করে: এমন দীনার যা সে তার পরিবার-পরিজনের ওপর খরচ করে এবং এমন দীনার যা সে আল্লাহর পথে (অর্থাৎ জিহাদের উদ্দেশে) তার বাহনের জন্য খরচ করে এবং এমন দীনার যা সে আল্লাহর পথে তার সঙ্গীসাথীদের ওপর খরচ করে। আবূ কিলাবাহ বলেন, তিনি পরিবারের লোকজন দিয়ে শুরু
করেছেন। অতঃপর আবূ কিলাবাহ বলেন, ঐ ব্যক্তির চেয়ে আর কে বেশী সাওয়াবের অধিকারী যে
তার ছোট সন্তানদের জন্য খরচ করে এবং আল্লাহ তা'আলা এর বিনিময়ে তাদেরকে পবিত্র
রাখেন, উপকৃত করেন এবং অভাব মুক্ত রাখেন।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আ্লাইহি ওয়াসাল্লাম ব্যয়ের অনেকগুলো ধরন ব্যাখ্যা করেছেন: যখন ব্যয়ের অনেকগুলি খাত সামনে আসে, তখন তাকে সবচেয়ে আবশ্যক কাজটির ভিত্তিতে বিন্যস্ত করেছেন, যাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজটি দিয়ে শুরু করা যায় এবং এরপরে যেটি সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ সেটি করা যায়। তিনি সংবাদ দিয়েছেন যে, সম্পদের ক্ষেত্রে সবচেয়ে বেশী সওয়াব হচ্ছে সেই অর্থের মধ্যে, যা কোন মুসলিম ব্যক্তি তার উপরে দায়িত্বভার অর্পিত ব্যক্তির ক্ষেত্রে খরচ করে; যেমন স্ত্রী ও সন্তান। এরপরে আল্লাহর রাস্তায় যুদ্ধ করার ক্ষেত্রে বাহন প্রস্তুত করতে যা ব্যয় করা হয়। এরপরে তার প্রিয়মানুষ ও সহচরদের মধ্যে যারা আল্লাহর রাস্তায় জিহাদে রয়েছে, তাদের ক্ষেত্রে যা ব্যয় করা হয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3267